# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 10 May, 2025

কিশোরগঞ্জের চৌদ্দশত বাসস্ট্যান্ডে সিএনজি পিক-আপ সংঘর্ষে আপন দুই ভাইসহ তিন বৃদ্ধার মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শনিবার (১০ মে) সকাল ১০টার দিকে কুলিয়ারচর থেকে সিএনজি যোগে কিশোরগঞ্জ যাওয়ার পথে চৌদ্দশত বাসস্ট্যান্ডে এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত ১. নূর ইসলাম (৭০) কুলিয়ারচর গোবরিয়া-আব্দুল্লাহপুর ইউনিয়নের ভাটি জগৎচর গ্রামের  মৃত: সুন্দর আলীর ছেলে। ২. আবু তাহের (৬৫) ও ৩. আবুল কাসেম (৬১) একই ইউনিয়নের আব্দুল্লাহপুর গ্রামের মৃত: মধু মিয়া ওরফে মুধু মুন্সির ছেলে।

পরিবার সুত্রে জানা যায়, নিহত আপন দুই ভাই আবু তাহের ও আবুল কাসেম তাদের সহপাঠী নূর ইসলামকে সাথে নিয়ে সিএনজি যোগে কিশোরগঞ্জ কোর্টে জায়গাজমি সংক্রান্ত বিষয়ে উকিলের সাথে পরামর্শ করতে যায়।এসময় সিএনজিটি চৌদ্দশত বাসস্ট্যান্ড এলাকায় গেলে পিছন থেকে একটি পিক-আপ তাদের ধাক্কা দেয়। পরে তিনজনকে গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ ও হাসপাতালে নিলে সেখানে আবু তাহের নিহত হয়।এবং অপর দুইজনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের ঢাকা মেডিকেল স্থানান্তর করা হয়।এদের মধ্যে আবুল কাসেমকে ঢাকা মেডিকেল এবং নুর ইসলামকে ময়মনসিংহ মেডিকেল নেওয়ার পথে মারা যায়।

তবে এই বিষয়ে কটিয়াদি হাইওয়ে থানার (ওসি) মামুনুর রশিদ বলেন, দুর্ঘটনার কোনো তথ্য তাদের জানা নেই।

কিশোরগঞ্জ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কর্তপক্ষ জানান, সকাল সাড়ে ১০টার দিকে দুর্ঘটনা আহত তিনজনকে স্থানীয়রা নিয়ে আসেন। এদের মধ্যে আবু তাহের মারা যায় বাকি দুইজনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল স্থানান্তর করা হয়।

সড়ক দুর্ঘটনা নিহত পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:21

URL: https://www.timestodaybd.com/public/dhaka/7758072269